BGMEA

বিজ্ঞপ্তি নং- বিজিএ/শ্রম/২০২৬/২৫৩ তারিখ ঃ ২২ সেপ্টেম্বর ২০২৬

# সকল সম্মানিত সদস্যের জন্য

**বিষয়ঃ শিল্প সম্পর্ক বিষয়ক ১৯৫তম প্রশিক্ষণ কোর্সে প্রশিক্ষণার্থী মনোনয়ন প্রদান প্রসঙ্গে।**
সূত্র ঃ শিল্প সম্পর্ক শিক্ষায়তন, টঙ্গী, গাজীপুর কর্তৃক প্রেরিত পত্র নং- ৪০.০২.০০০০.২০১.০০০.২৫.০০১৯.২২০, তারিখ ঃ ১৬-০৯-২০২৬

উপর্যক্ত বিষয় ও সূত্রোস্থ পত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় এর আওতাধীন "শিল্প সম্পর্ক শিক্ষায়তন (IRI), টঙ্গী, গাজীপুর " ০৪(চার) সপ্তাহ মেয়াদী ১৯৫তম "শিল্প সম্পর্ক" প্রশিক্ষণ কোর্স আয়োজন করতে যাচ্ছে। উক্ত প্রশিক্ষণ কোর্স আগামী ০৪ অক্টোবর, ২০২৬ইং তারিখ হতে ২৯ অক্টোবর, ২০২৬ইং তারিখ পর্যন্ত চলবে। **উল্লেখ্য যে, মনোনয়নের শেষ তারিখ আগামী ৩০ সেপ্টেম্বর ২০২৬ইং।**

কারখানায় কর্মরত ব্যবস্থাপনা মূলক কাজে দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা, শ্রমিক প্রতিনিধি এবং সাধারণ শ্রমিক বা কর্মচারী সমন্বয়ে প্রশিক্ষণার্থদীদের মনোনয়ন প্রদান পূর্বক মিনু আফরোজ, পরিচালক, আইআরআই(IRI), টঙ্গী, গাজীপুর বরাবরে প্রেরণ করার জন্য অনুরোধ জানানো যাচ্ছে।

আপনার সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে মিনু আফরোজ, পরিচালক, আইআরআই(IRI), টঙ্গী, গাজীপুর কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনটি এতদসঙ্গে সংযুক্ত করা হলো।

ধন্যবাদান্তে,

মেজর জেনারেল ড. মোঃ সাহেদুল ইসলাম (অবঃ)
মহাসচিব

| |
|---|
| বিঃ দ্রঃ মনোনয়ন পাঠানোর ঠিকানা ঃ পরিচালক, শিল্প সম্পর্ক শিক্ষায়তন, আইআরআই রোড, টঙ্গী, গাজীপুর। ই-মেইল ঃ director.iritongi@gmail.com/অথবা যোগাযোগের মোবাইল নং-০১৭৬৬২৭৭৮৯০, জনাব মোঃ আব্দুল হান্নান, গবেষণা কর্মকর্তা। |



BGMEA Complex, House # 7/7A, Block # H-1, Sector # 17, Uttara, Dhaka-1230, Bangladesh. Tel: +880 9638012345 | Hotline: +88 017 3044 2211 | E-mail: info@bgmea.com.bd | Web: www.bgmea.com.bd
**Regional Office:** BGMEA Bhaban (Level- 4 & 5), 669/E, Jhautala Road, South Khulshi, Chattogram. Tel: +880-2333379125-7 (PABX) | Fax: +880-2333379127 | E-mail: info@bgmeactg.org

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
শ্রম অধিদপ্তর
শিল্প সম্পর্ক শিক্ষায়তন
Industrial Relations Institute (IRI)
টংঙ্গী, গাজীপুর
www.iri.portal.gov.bd

নং- ৪০.০২.০০০০.২০১.০০০.২৫.০০১৯. ২২০ তারিখ: ১৮-০৯-২০২৬খ্রি.

**বিষয়: ০৪ (চার) সপ্তাহ মেয়াদী ১৯৫তম " শিল্প সম্পর্ক " প্রশিক্ষণ কোর্সে প্রশিক্ষণার্থী মনোনয়ন প্রদান প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের শ্রম অধিদপ্তরাধীন শিল্প সম্পর্ক শিক্ষায়তন (IRI), টংঙ্গী, গাজীপুর বাংলাদেশ শ্রম আইন-২০০৬ (সংশোধিত, ২০১৮) এর ৩৪৮ধারা এবং বাংলাদেশ শ্রম বিধিমালা, ২০১৫ (সংশোধিত-২০২২) এর ৩৬৬ কবিধির বিধানমতে এ আইনের উপর মালিক, ব্যবস্থাপনা কর্তৃপক্ষ, শ্রমিক ও শ্রমিক প্রতিনিধিগণ কে প্রশিক্ষণ প্রদানের লক্ষ্যে এ দপ্তরের অধিক্ষেত্রে (ঢাকা ও ময়মনসিংহ বিভাগ) সরকার কর্তৃক নির্ধারিত "উপযুক্ত কর্তৃপক্ষ" ।কল-কারখানা, শিল্প ও বাণিজ্যিক প্রতিষ্ঠানের শ্রমিকের অধিকার ও কল্যাণ নিশ্চিত করণে সংশ্লিষ্টদের সচেতন, শিল্পে শান্তি, শৃঙ্খলা ও সৌহার্দ্য পূর্ণ সম্পর্ক বজায় রেখে নিরবিচ্ছিন্ন উৎপাদন অব্যহত রাখার লক্ষ্যে এ শিক্ষায়তন শ্রমআইন, শ্রম বিধিমালা, শ্রমপ্রশাসন, আইএলও কনভেনশন, শ্রমঅর্থনীতি, শিল্পসম্পর্ক, শ্রমকল্যাণ, পেশাগতস্বাস্থ্য ও নিরাপত্তা, বিশ্বায়ন, প্রাথমিক স্বাস্থ্য পরিচর্যা, অটিজম, জেন্ডারইস্যু, শিশুশ্রম নিরসন, গৃহকর্মী কল্যাণ ও সুরক্ষা নীতি-২০১৫,নারী ও শিশু নির্যাতন দমন আইন-২০০০, তথ্য অধিকার আইন-২০০৯, বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন-১৯৯৫,অগ্নি প্রতিরোধ ও নির্বাপক আইন-২০০৩,টেকসই ও অন্তর্ভুক্তি মূলক শ্রম, সাপ্লাইচেইন, শোভন কর্মপরিবেশ, ৪র্থ শিল্প বিপ্লব, পরিবেশ ও জলবায়ু পরিবর্তন, জাস্ট ট্রানজিশন, সামাজিক ন্যায় বিচার প্রভৃতি বিষয়ক ০৪ (চার) সপ্তাহ মেয়াদী**"শিল্পসম্পর্ক"** প্রশিক্ষণ কোর্সের আয়োজন করে থাকে।

২-০। বাংলাদেশ শ্রম বিধিমালা, ২০১৫ (সংশোধিত-২০২২) এর ৩৬৬ক (৬) বিধির বিধান মতে বিদ্যমান আইনের আলোকে গঠিত সেইফটি কমিটি ও অংশগ্রহণকারী কমিটির সদস্যগণ বছরে অন্তত একবার সংশ্লিষ্ট বিষয়ে অধিক্ষেত্রাধীন শিল্প সম্পর্ক শিক্ষায়তন কর্তৃক আয়োজিত প্রশিক্ষণে অংশগ্রহণ এবং এই মর্মে শিল্প সম্পর্ক শিক্ষায়তন প্রধান কর্তৃক প্রদত্ত প্রত্যয়ন পত্র গ্রহণ করার বিধান রয়েছে।

৩-০। শিল্প সম্পর্ক শিক্ষায়তন (IRI), টংঙ্গী, গাজীপুর এর প্রশিক্ষণ কক্ষে ০৪ (চার) সপ্তাহ মেয়াদি **১৯৫তম "শিল্প সম্পর্ক"** কোর্স **আগামী ০৪ অক্টোবর, ২০২৬ খ্রি. তারিখ হতে ২৯ অক্টোবর, ২০২৬ খ্রি. তারিখ পর্যন্ত অনুষ্ঠিত হবে।** অনুষ্ঠিতব্য কোর্সে প্রশিক্ষণ গ্রহণ করার জন্য আপনার এসোসিয়েশন (বিজিএমইএ) এর আওতাধীন কারখানায় কর্মরত ব্যবস্থাপনা মূলক কাজে দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা, শ্রমিক প্রতিনিধি এবং সাধারণ শ্রমিক বা কর্মচারী সমন্বয় প্রশিক্ষনার্থীদের মনোনয়ন দিয়ে সংযুক্ত ছক অনুযায়ী তথ্য আগামী **৩০ সেপ্টেম্বর, ২০২৬খ্রি.** তারিখের মধ্যে এ দপ্তরে প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য বিশেষ ভাবে অনুরোধ করা হলো। ( যোগাযোগের নম্বর-০১৭৬৬২৭৭৮৯০)

(ছক )

| নং | বাংলা / ইংরেজী | প্রশিক্ষণার্থীর নাম | পদবী | মাতার নাম | এন আই ডি / জন্ম নিবন্ধন নং | পিতার নাম | মোবা: নং | প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | বাংলা | | | | | | | |
| | ইংরেজী | | | | | | | |

সভাপতি
বাংলাদেশ গার্মেন্টস ম্যানুফ্যাকচারার এন্ড এক্সপোর্টার এসোসিয়েশন
(বিজিএমইএ)
বাসা#৭/৭এ, সেক্টর#১৭,ব্লক#এইচ
উত্তরা, ঢাকা।

মিনু আফরোজ
পরিচালক
director.iritongi@gmail.com

১৮-৯-২৫

নং- ৪০.০২.০০০০.২০১.০০০.২৫.০০১৯. তারিখ: -০৯-২০২৬খ্রি.

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো:
০১। মহাপরিচালক, শ্রম অধিদপ্তর, ১৯৬ শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরণী, বিজয়নগর, ঢাকা-১০০০
০২। অফিস কপি।

মিনু আফরোজ
পরিচালক

Seen by VP Sir 20/9/26